



বাংলাদেশ কৃষি আবহাওয়া তথ্য সেবা ইউনিট সরেজমিন উইং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর

সম্ভাব্য আকস্মিক বন্যার জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ (হালনাগাদ)

(হাওর এলাকার জন্য)

বুলেটিন নং ১১৪

প্রকাশের তারিখ: ২৩/০৪/২০২৬

১ম হালনাগাদের তারিখ: ২৮/০৪/২০২৬

২য় হালনাগাদের তারিখ: ৩০/০৪/২০২৬

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের পূর্বাভাস (৩০.০৪.২০২৬) অনুযায়ী আগামী ০৭ দিন (৩০ এপ্রিল হতে ০৭ মে) সামগ্রিকভাবে উত্তর-পূর্বাঞ্চলের হাওর অববাহিকা ও তৎসংলগ্ন উজানে সম্ভাব্য ভারী বৃষ্টিপাতের ফলে হাওর অববাহিকার প্রধান নদীসমূহ (সুরমা-কুশিয়ারা, ধনু-বাউলাই ও ভুগাই-কংস) এবং অন্যান্য উপ-নদীসমূহের পানি সমতল সপ্তাহের প্রথম ভাগে বৃদ্ধি পেয়ে নেত্রকোনা জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির অবনতি হতে পারে এবং সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার হাওর সংলগ্ন নিম্নাঞ্চলে বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে। তবে সপ্তাহের শেষ ভাগে বন্যা পরিস্থিতির সার্বিক উন্নতি হতে পারে।

আকস্মিক বন্যার ক্ষতিকর প্রভাব থেকে দণ্ডায়মান ফসল রক্ষার জন্য নিম্নলিখিত পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। বোরো ধান ৮০% পরিপক্ব হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে নিরাপদ ও শুকনো জায়গায় রাখুন।
- ২। দ্রুত পরিপক্ব সবজি সংগ্রহ করে ফেলুন।
- ৩। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন খানের জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৪। জমির আইল উঁচু করে দিন।
- ৫। ফসলের জমি থেকে অতিরিক্ত পানি সরিয়ে ফেলার ব্যবস্থা রাখুন।
- ৬। সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- ৭। বৃষ্টিপাতের পর বালাইনাশক প্রয়োগ করুন।
- ৮। কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।

৩০/০৪/২০২৬

(উম্মী আহসান)

উপপরিচালক (বামিস ইউনিট)

পরিচালকের পক্ষে

